**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 01-04-2025**

**TIME - 7:35 AM**

---

কেন্দ্রীয় সরকার আসামের ডিব্রুগড় জেলা থেকে সশস্ত্র সেনা বাহিনীর বিশেষ ক্ষমতা আইন ,আফসপা আজ থেকে প্রত্যাহার করার সিদ্ধান্ত নিয়েছে । গত ২৪ শে মার্চ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক আসাম সরকারকে এবিষয়ে অবগত করে আনুষ্ঠানিকভাবে পত্র প্রেরণ করে । আসাম সরকারের গৃহ ও রাজনৈতিক বিভাগের পক্ষ থেকে এসম্পর্কে জারি করা বিজ্ঞপ্তী অনুযায়ী রাজ্যের চরাইদেউ , শিবসাগর ও তিনসুকিয়া জেলায় সশস্ত্র সেনা বাহিনীর বিশেষ ক্ষমতা আইন ,আফসপার মেয়াদ আজ থেকে ছমাসের জন্য বৃদ্ধি করা হয়েছে । উল্লেখ্য আসাম সরকার নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠন আলফার স্বাধীন গোষ্ঠী রাজ্যের বিভিন্ন জেলায় সক্রিয় থাকা ও নাশকতামূলক কার্যকলাপ অব্যাহত রাখা সংক্রান্ত একটি প্রতিবেদন কেন্দ্রকে পাঠিয়েছিল এবং আপার আসামের তিনসুকিয়া , শিবসাগর ও চরাইদেউ জেলা অশান্ত অঞ্চল হিসেবে পরবর্তী ছমাস গন্য করতে অনুরোধ জানানো হয়েছিল ।

---

একইভাবে মণিপুরে ১৩ টি পুলিশ থানা এলাকা বাদ দিয়ে সমগ্র রাজ্যে পরবর্তী ছমাসের জন্য সশস্ত্র সেনা বাহিনীর বিশেষ ক্ষমতা আইন ,আফসপা বলবৎ রাখার জন্য স্বরাষ্ট্র মন্ত্রক সিদ্ধান্ত গ্রহণ করেছে । অরুণাচল প্রদেশ ও নাগাল্যান্ডেও এই সময়কালে আইনটি বলবৎ করার কথা স্বরাষ্ট্র মন্ত্রক জানিয়েছে ।

---

কেন্দ্রীয় সরকারের কর্মীদের জন্য ইউনিফাইড পেনসন প্রকল্প (ইউ পি এস ) আজ থেকে কার্যকর হচ্ছে । কেন্দ্রীয় সরকার জাতীয় পেনশন ব্যবস্থার অধীনে বিকল্প হিসেবে এই ইউ পি এস ব্যবস্থা চালু করছে । দ্য পেনশন ফান্ড রেগুলেটরি এন্ড ডেভেলাপমেন্ট অথরিটি সম্প্রতি ইউ পি এস কার্যকর করার জন্য নির্দেশ জারি করেছিল ।

---

ভারতীয় জনতা পার্টির আসাম প্রদেশ কমিটি আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে জেলা ভিত্তিক দায়িত্ব বন্টনের তালিকা প্রকাশ করেছে । কাছাড় ও হাইলাকান্দি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচনে রাজ্যের পশু পালন মন্ত্রী কৃষ্ণেন্দু পালকে এবং বরাক উপত্যাকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাইকে শ্রীভূমি জেলার দায়িত্ব দেওয়া হয়েছে । এছাড়া কাছাড় জেলার সহ-দায়িত্ব মুন স্বর্নকার , হাইলাকান্দি জেলার সহ-দায়িত্ব সুব্রত ভট্টাচার্য্য এবং শ্রীভূমি জেলার সহ-দায়িত্ব কনাদ পুরকায়স্থকে প্রদান করা হয়েছে ।

---

মজোরাম সরকারের নগর উন্নয়ন ও দারিদ্র দূরীকরন মন্ত্রক , আইজল পৌর নিগম এবং সেন্ট্রাল ইয়ং মিজো এসোসিয়েশনের যৌথ উদ্যোগে গতকাল থেকে আইজলে বছরব্যাপী কার্য্যসূচীর মধ্য দিয়ে রাজ্যজুড়ে স্বচ্ছতা অভিযান শুরু হয়েছে । আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে মিজোরামের নগর উন্নয়ন ও দারিদ্র দূরিকরন বিভাগের মন্ত্রী কে সাপডাংগা জানান যে

সরকার মিজোরামকে স্বচ্ছ ও সুন্দর করে রাখতে এই উদ্যোগ গ্রহন করেছে । মন্ত্রী শ্রী সাপডাংগা আরো জানান যে সরকার রাজ্যের সবকটি শহর ও গ্রামকে পরিষ্কার-পরিচ্ছন্ন করে তুলতে অগ্রাধিকার দিচ্ছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে জেলার জলাশয় , বিল ,নদীতে মাছের উৎপাদন বৃদ্ধির উদ্দেশ্যে আজ থেকে আগামী ১৫ই জুলাই পর্য্যন্ত প্রজনন সক্ষম মাছ ধরা নিষিদ্ধ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে মাছ ধরার জাল-এর ঘাই ৭ সেন্টিমিটার এবং ১৪ সেন্টিমিটারের নীচে জাল দিয়ে মাছ ধরা নিষিদ্ধ করা হয়েছে । মৎস্য আইন ২০২৩ এর অধীনে ডিমযুক্ত প্রজনন সক্ষম রুই , কাতলা , মৃগেল ,চিতল ইত্যাদি মাছ সরকারী জলাশয় , বিল ,ফিশারী ও নদীতে খাবার বা বিক্রির উদ্দেশ্যে ধরাও নিষিদ্ধ করা হয়েছে ।

এই নিষেধাজ্ঞা কার্যকর করতে চক্র আধিকারীক ও থানার পুলিশ আধিকারীকদের নির্দেশ দেওয়া হয়েছে । এই নির্দেশ অমান্য করলে মৎস্য আইনী অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

---

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা সমিতির উদ্যোগে আজ শিলচর বঙ্গ ভবনে বেলা ১২টায় নজরুল আলোচনা ও নজরুল গীতির উপর এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এই অনুষ্টানে মুখ্য আলোচক হিসেবে উপস্থিত থাকবেন কলকাতার ছায়ানটের সভানেত্রী ও নজরুল গবেষক সোম ঋতা মল্লিক ।

---

শিলচর রামনগর বাইপাসে গতকাল সন্ধ্যায় এক সড়ক দূর্ঘটনায় একজন যুবকের মৃত্যু এবং দু জন যুবক আহত হয়েছেন । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে বড়খলা বিধানসভা কেন্দ্রের দূর্গাপুর গ্রামের বাসিন্দা ফিরদৌস আলম বড়ভুইয়া নামের এই যুবক ঈদ উদযাপনের উদ্দেশ্যে শিলচর আসেন এবং রামনগর বাইপাসে একটি স্কুটির সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে । স্থানীয় লোকেদের প্রচেষ্টায় আহতদের শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালে ভর্তি করা হয়েছে ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দ্বিতীয় পুলিন দাস ট্রফি অনুর্ধ-১৪ আন্ত জেলা ক্রিকেটের দক্ষিন আসাম জোনের বি গ্রুপের খেলায় আজ শিলচর দল খেলবে পশ্চিম কার্বি আংলং দলের বিরুদ্ধে । স্থানীয় জেলা ক্রীড়া সংস্থার মাঠে এই খেলা অনুষ্ঠিত হবে ।

---

---